**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 16-02-2026** **Time : 1-30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) নতুন দিল্লিতে, ভারত-কৃত্রিম মেধা শিখর সম্মেলন-২০২৬ শুরু হয়েছে। #বিশ্ব নেতৃবৃন্দ ও বহু বিশেষজ্ঞ এই সম্মেলনে অংশ নিচ্ছেন। # দক্ষিণ বিশ্বে এই ধরণের এই পাঁচ দিনের শিখর সম্মেলন এই প্রথম।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, AI শিখর সম্মেলনে অংশ গ্রহণকারী বিশ্ব নেতৃত্বকে স্বাগত জানিয়ে বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তিতে দেশের দ্রুত অগ্রগতির প্রমাণ, কৃত্রিম মেধা নিয়ে এই শিখর সম্মেলন।

৩/ ভারতের মশলা ব্যবসার সঙ্গে যুক্ত সংগঠন, ভারত ও মার্কিন অন্তর্বর্তী বাণিজ্য চুক্তিকে স্বাগত জানিয়ে বলেছে, এতে প্রতিযোগিতা বৃদ্ধির পাশাপাশি সুযোগ'ও বাড়বে।

৪/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ বলেছেন, ৩৭০ ধারা বাতিলের পর কাশ্মীর, উত্তর পূর্বাঞ্চল ও মাওবাদী প্রভাবিত এলাকায় ৮০ শতাংশ হিংসা কমেছে।

৫/ রাজস্থানের আলোওয়ার জেলার একটি কারখানায় বিষ্ফোরণে আট শ্রমিক দগ্ধ হয়ে প্রাণ হারিয়েছেন।

৬/ চীনের জিয়াংসু প্রদেশে চান্দ্র নববর্ষের প্রাক্কালে বাজির দোকানে বিষ্ফোরণে আট জন নিহত ও দু'জন জখম হয়েছেন।

৭/ ICC T-20 ক্রিকেট বিশ্বকাপে আজ কলকাতার ইডেন গার্ডেন্সে ইংল্যান্ড, ইতালির মুখোমুখি হবে। # গতকাল ভারত পাকিস্তানকে হারিয়ে সুপার এইটে খেলার যোগ্যতা অর্জন করেছে।

***********************************************************************

নতুন দিল্লিতে, ভারত-কৃত্রিম মেধা শিখর সম্মেলন- ২০২৬, শুরু হয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব নিয়ে দক্ষিণ বিশ্বে এই প্রথম, এতোবড় আন্তর্জাতিক পাঁচ দিনের শিখর বৈঠকের আয়োজন করা হয়েছে। বিশ্ব জুড়ে কৃত্রিম মেধা নিয়ে যেসমস্ত আলোচ্য বিষয় রয়েছে, তার রূপরেখা নির্ধারণের এক প্রধান মঞ্চ হিসেবে ভারতের ভূমিকা এই শিখর বৈঠক আরো মজবুত করবে। বিশ্ব কৃত্রিম মেধা সহযোগিতার গুরুত্বপূর্ণ শরিক হিসেবে ভারত এই শীর্ষ সম্মেলন আয়োজন করেছে। অভিন্ন মানদন্ড নিয়ে বিভিন্ন দেশের কাজ করা, আলোচনার মধ্য দিয়ে কাঠামো গড়ে তোলা এবং গণপণ্যের ক্ষেত্রে সমস্যার সমাধানের জন্য এই শিখর বৈঠক গুরুত্বপূর্ণ হয়ে উঠতে চলেছে।

শতাধিক দেশ এই শিখর বৈঠকে আমন্ত্রিত হয়েছে। ২'লক্ষের বেশী ব্যক্তি এই সম্মেলনে যোগ দেবার জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করিয়েছে। ২০ টি দেশের নেতৃবৃন্দের এই শীর্ষ বৈঠকে যোগ দিতে চলেছেন। এর

মধ্যে ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ, ব্রাজিলের রাষ্ট্রপতি লুই ইনাশিও লুলা দ্য সিলভা, স্পেনের রাষ্ট্রপতি পেদ্রো সাঞ্চেস পেরেস প্যাস্টিয়ন, সুইজারল্যান্ডের রাষ্ট্রপতি গাই পারমেলিন, নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী দিকশুফ, আমিরশাহীর আবু ধাবির যুবরাজ  শেখ- খালেদ- বিন- মহম্মদ- বিন জায়েদ-আল-নাহিয়ান, মরিশাসের প্রধানমন্ত্রী ডক্টর নবীন চন্দ্র রামগুলাম, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনূরা কুমারা দিশানায়েকে, সেশেল্সের উপরাষ্ট্রপতি সেবাস্টিয়ান পিল্লাই এবং ভুটানের রাষ্ট্রপতি শেরিন টোবগে রয়েছেন।

বিদেশ মন্ত্রক জানিয়েছে, বলিভিয়া, ক্রোয়েশিয়া, এস্তোনিয়া, ফিনল্যান্ড, গ্রীস, গায়ানা, কাজাকস্থান, লিচেন্সটেইন, সার্বিয়া এবং স্লোভাকিয়ার নেতারাও এই শিখর বৈঠকে যোগ দেবেন। ৪৫ টির'ও বেশী দেশের মন্ত্রী পর্যায়ের প্রতিনিধি দল, এই শিখর বৈঠকে যোগ দিতে চলেছেন। রাষ্ট্রসংঘের মহাসচিব সহ বহু আন্তর্জাতিক সংস্থার পদস্থ আধিকারিকরাও আলোচনায় যোগ দেবেন।

তিনটি প্রধান সূত্র নিয়ে ভারত-কৃত্রিম মেধা শিখর বৈঠকে আলোচনা হবে। AI নিয়ে বিশ্ব সহযোগিতার মূল এই বিষয়গুলি হল- মানব, এই পৃথিবী গ্রহ এবং প্রগতি। মানব মূলধন, সামাজিক ক্ষমতায়ন, নিরাপদ ও বিশ্বস্ত কৃত্রিম মেধা, বিজ্ঞান, উদ্ভাবন, দক্ষতা এবং কৃত্রিম মেধার গণতন্ত্রীকরণ সহ সাতটি বিষয় নিয়ে এই শিখর বৈঠকে আলোচনা হবে।

***************************************************************************

**প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী বলেছেন যে, ভারত, কৃত্রিম মেধার প্রভাব শিখর সম্মেলনে, সারা বিশ্বের নেতৃবৃন্দ যোগ দিতে আসছেন, এটা দেশবাসীর কাছে বড় গর্বের বিষয়। সমাজ মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী, এই সম্মেলনে যোগ দিতে আসা বিশ্ব নেতৃবৃন্দ, শিল্পপতি, উদ্ভাবক, নীতি নির্ধারক, গবেষক ও প্রযুক্তিবিদদের উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন। শ্রী মোদী বলেছেন, এই শিখর সম্মেলন এটাই প্রমাণ করে, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে দেশ দ্রুত এগিয়ে চলেছে এবং বিশ্বের বিকাশে ভারতের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। এই সম্মেলন, দেশের যুবা সম্প্রদায়ের সক্ষমতার প্রমাণ বলে তিনি মন্তব্য করেন। এই সম্মেলনের মূল ভাবনা- 'সর্বজন হিতায়- সর্বজন সুখায়' অর্থাৎ সকলের কল্যাণ ও সকলের সুখ-সমৃদ্ধি। কৃত্রিম মেধাকে মানব কেন্দ্রীক প্রগতির ভিত্তি করে তোলার অঙ্গীকার এই সম্মেলনের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে বলে শ্রী মোদী উল্লেখ করেছেন।

***************************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে ৩৭০ ধারা বাতিলের পর কাশ্মীর, উত্তর-পূর্ব এবং মাওবাদী-প্রভাবিত অঞ্চলগুলিতে হিংসার ঘটনা  ৮০ শতাংশ কমেছে। তিনি বলেছেন, খুব শীঘ্রই এইসব এলাকা সম্পূর্ণ হিংসামুক্ত হবে। দিল্লি পুলিশের ৭৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে ভাষণে শ্রী শাহ বলেন, ১১টি রাজ্যে মাওবাদী সন্ত্রাসবাদ দেশের অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য একটি গুরুতর চ্যালেঞ্জ।

(বাইট - অমিত শাহ)

শ্রী শাহ বলেন, জাতীয় রাজধানীতে আজ দিল্লি পুলিশের স্পেশাল সেল ইন্টিগ্রেটেড হেডকোয়ার্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। তিনি বলেন, ইন্টিগ্রেটেড হেডকোয়ার্টারটি আনুমানিক ৩৪৫ কোটি টাকা ব্যয়ে নির্মিত হবে এবং মাদক পাচার এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য এটি দেশের অন্যতম উন্নত কেন্দ্র হয়ে উঠবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দিল্লি পুলিশের স্পেশাল সেল মাদকচক্র , ভারতীয় মুদ্রা জাল চক্র এবং সাইবার অপরাধের মামলা তদন্তে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, পাশাপাশি দেশজুড়ে বেশ কয়েকটি বড় সন্ত্রাসবাদী ঘটনার তদন্ত করেছে। মন্ত্রী বলেন, গত এগারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে তিনটি নতুন ফৌজদারি আইন প্রণয়ন সহ বেশ কয়েকটি মাইলফলক অর্জিত হয়েছে। শ্রী শাহ সেফ সিটি প্রকল্পের প্রথম পর্যায়ের উদ্বোধনও করেন। তিনি বলেন, প্রায় ৮৫৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত আধুনিক ইন্টিগ্রেটেড কমান্ড কন্ট্রোল কমিউনিকেশন অ্যান্ড কম্পিউটার সেন্টার দিল্লির জনগণের উদ্দেশে উৎসর্গ করা হচ্ছে।

দিল্লি পুলিশ কমিশনার সতীশ গোলচা বলেন যে, নেশা মুক্ত ভারত অভিযানের আওতায়, দিল্লি পুলিশ গত বছর মাদকবিরোধী অভিযান চালিয়ে ছ'হাজার কিলোগ্রামেরও বেশি মাদকদ্রব্য আটক করেছে। তিনি বলেন, দিল্লি পুলিশের স্পেশাল সেল কেন্দ্রীয় সংস্থাগুলির সঙ্গে সমন্বয় করে বিদেশে কর্মরত ৩২ জন পলাতক অপরাধীর তালিকা তৈরিতে সক্রিয়ভাবে কাজ করছে। দিল্লি পুলিশ দেশের প্রথম পুলিশ বাহিনী যারা এক লক্ষ টাকার বেশি সাইবার জালিয়াতির মামলায় স্বতঃপ্রণোদিতভাবে এফআইআর নথিভুক্ত করা শুরু করেছে।

******************************************************************************

ভারতের মশলা ব্যবসার সঙ্গে যুক্ত সংগঠন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে অন্তর্বর্তী বাণিজ্য চুক্তিকে স্বাগত জানিয়েছে। 'ফেডারেশন অফ ইন্ডিয়ান স্পাইস স্টেক হোল্ডার্স'-এর চেয়ারম্যান তেজুস গান্ধী জানিয়েছেন, এই চুক্তির ফলে নতুন সুযোগ সুবিধা বাড়বে। বাজারে প্রতিযোগিতাও বৃদ্ধি পাবে। মাশুল কম হওয়ায় ভারতীয় পণ্যের রপ্তানিও বাড়বে বলে শ্রী গান্ধী মন্তব্য করেন।

******************************************************************************

রাজস্থানের আলোওয়ার জেলার টাপু কারায় একটি পিচ বোর্ড তৈরীর কারখানায় বিস্ফোরণে আট শ্রমিক দগ্ধ হয়ে প্রাণ হারিয়েছেন। উদ্ধার অভিযান চলছে জোরকদমে। শেষ খবর পাওয়া পর্যন্ত দমকল কর্মীরা আগুন নেভানোর চেষ্টা করছেন। অনেক শ্রমিক এখনো কারখানার ভিতরে আটকে পড়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে।

******************************************************************************

চীনের জিয়াংসু প্রদেশে চান্দ্র নববর্ষের প্রাক্কালে বাজির দোকানে এক বড় মাপের বিস্ফোরণে আট জন নিহত ও দু'জন জখম হয়েছেন। এক বিবৃতিতে জানা গেছে, গতকাল বিকেলে ওই দোকানের কাছে এক অধিবাসী বাজি ফাটানো শুরু করলে এই বিপত্তি ঘটে। বিস্তারিত খবর এখনো পাওয়া যায়নি।

চীনের ঐতিহ্যগত নববর্ষকে বসন্ত উৎসব হিসেবেও গণ্য করা হয়ে থাকে।

**************************************************************************

ইউক্রেনের প্রাক্তন শক্তি মন্ত্রী জার্মান গালুসচেঙ্কোকে দেশ ছেড়ে যাওয়ার চেষ্টা করার সময়, সীমান্তে আটক করা হয়েছে। ইউক্রেনের জাতীয় দুর্নীতি বিরোধী ব্যুরো জানিয়েছে, তাঁর বিরুদ্ধে দীর্ঘদিন ধরে চলা দুর্নীতি মামলায় গোয়েন্দারা তাঁকে সীমান্তে আটক করে জিজ্ঞাসাবাদ করছে। গালুসচেঙ্কো, শক্তি ক্ষেত্রে দুর্নীতির সঙ্গে যুক্ত থাকার অভিযোগে গতবছর পদত্যাগ করেন। তিনি অবশ্য সব অভিযোগ অস্বীকার করেছেন।

**************************************************************************

সিরিয়ার সঙ্গে লেবানন সীমান্তের কাছে একটি গাড়ির ওপর ইজরায়েলী আকাশ হানায় চারজনের মৃত্যু হয়েছে। শান্তি চুক্তি বলবৎ থাকা সত্বেও ইজরায়েলের উত্তর সীমান্তে হিংসা কান্ড চলছে। লেবাননের জাতীয় সংবাদ সংস্থা জানিয়েছে, গতরাতে লেবানন-সিরিয়ে সীমান্তের কাছে মাজদাল আঞ্জাল এলাকায় ইজরায়েল একটি গাড়ির ওপর  ড্রোন হামলা চালায়।

ইজরায়েলী সামরিক বাহিনী অবশ্য জানিয়েছে, তাদের আক্রমণের লক্ষ্য ছিল প্যালেস্টাইনের ইসলামিক জিহাদ জঙ্গী গষ্ঠীর উগ্রপন্থীরা।

**************************************************************************

ভারতীয় আবহাওয়া দপ্তর আগামী বুধবার পর্যন্ত তামিলনাড়ু, কেরালা ও লাক্ষাদ্বীপের বিক্ষিপ্ত অঞ্চলে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আজ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বজ্রপাত এবং ঝড়ো হাওয়ার পূর্বাভাস রয়েছে। আইএমডি জানিয়েছে,  উপকূলবর্তী কর্ণাটক, কোঙ্কন এবং গোয়ায় আজ উষ্ণ এবং আর্দ্র আবহাওয়া থাকবে। এদিকে, দক্ষিণ-পশ্চিম এবং সংলগ্ন দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এবং সংলগ্ন পূর্ব নিরক্ষীয় ভারত মহাসাগরের কিছু অংশে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

**************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে  "মন কি বাত"
অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।
আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে  এই অনুষ্ঠান শোনা যাবে।  আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও  সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর-1800-11-7800 মারফতও  বার্তা পাঠানো যাবে।

************************************************************************

কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু গতকাল অরুণাচল প্রদেশের তাওয়াং জেলার লুংলা মহকুমার মুয়োতে একটি নবনির্মিত বহুমুখী ইনডোর হল-কাম-ভলিবল স্টেডিয়াম উদ্বোধন করেছেন। সীমান্তবর্তী অঞ্চলে ক্রীড়া পরিকাঠামো মজবুত করার লক্ষ্যে, সরকারের খেলো ইন্ডিয়া উদ্যোগের অধীনে নির্মিত, এই স্টেডিয়ামে ইনডোর খেলাধুলো,  বিশেষ করে ভলিবল - এবং প্রতিযোগিতামূলক অ্যাথলেটিক্সে তরুণদের আধুনিক প্রশিক্ষণের সুযোগ-সুবিধা থাকবে।

************************************************************************

কলম্বোর আর প্রেমদাসা স্টেডিয়ামে ভারত পাকিস্তানকে ৬১ রানে হারিয়ে দ্বিতীয় দল হিসেবে সুপার-এইটে খেলার যোগ্যতা অর্জন করেছে। ১৭৬ রানের লক্ষ্য তাড়া করতে নেমে পাকিস্তান ১৮ ওভারে ১১৪ রানে অল-আউট হয়ে যায়। পাকিস্তানের পক্ষে সর্বোচ্চ ৪৪ রান করেন উসমান খান। ভারতের পক্ষে জসপ্রীত বুমরাহ, অক্ষর প্যাটেল, বরুণ চক্রবর্তী এবং হার্দিক পান্ডিয়া দু'টি করে উইকেট নেন এবং কুলদীপ যাদব এবং তিলক ভার্মা একটি করে উইকেট নেন।

এর আগে, পাকিস্তান টস জিতে বোলিং করার সিদ্ধান্ত নেয়। ভারত নির্ধারিত ২০ ওভারে সাত উইকেট হারিয়ে ১৭৫ রান করে। ঈশান কিষাণ ৭৭ রান করেন এবং সূর্যকুমার যাদব ৩২ রান করেন।

ICC T-20 ক্রিকেট বিশ্বকাপে, আজ তিনটি খেলা অনুষ্ঠিত হবে। প্রথম ম্যাচে, দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে গ্রুপ 'ডি'-র ম্যাচে আফগানিস্তানের মুখোমুখি হবে সংযুক্ত আরব আমিরশাহি। খেলা শুরু হবে সকাল ১১টায়। অন্যদিকে, 'সি' গ্রুপের ম্যাচে, কলকাতার ইডেন গার্ডেনে ইতালির মুখোমুখি হবে ইংল্যান্ড। খেলা শুরু বিকেল ৩-টেয়।  তৃতীয় ম্যাচে শ্রীলঙ্কার পাল্লেকেল আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে শ্রীলঙ্কা অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। খেলা শুরু সন্ধ্যা ৭-টায়।

************************************************************************